২০১৩

স্নাতকোত্তর

## বাংলা

পাঠপর্যায়-১

পাঠমালা-১

**Course No. BNG—101**

*পূর্ণমান* ঃ ৪০

*সময়* ঃ ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের কেন্তুম্ শাখাটির অন্তর্গত যে-কোনো দুটি ভাষা পরিবারের পরিচয় দাও।

৫+৫

*অথবা*

বৈদিক সংস্কৃতের গুরুত্বপূর্ণ দুটি ধ্বনিমূলক বৈশিষ্ট্য ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো।

৪+৬

*(Turn Over)*

২। সংস্কৃত নাটকে ব্যবহৃত প্রাকৃত গান ও কবিতাগুলি মূলত কোন প্রাকৃতে লিখিত হয়েছিল ? এই প্রাকৃত ভাষায় রচিত চারটি গ্রন্থের ও গ্রন্থকারের নাম লেখ। প্রাকৃতটির ভাষা বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১+২+৭

*অথবা*

টীকা লেখো (যে কোনো *চারটি*) ঃ ২½×৪

(ক) পালি ভাষায় 'অ' ও 'আ' ধ্বনির নিজস্ব রূপ পরিবর্তন।

(খ) মাগধী প্রাকৃতে 'ক্ষ', 'চ্ছ' ও 'ল্য'-এর পরিবর্তিত রূপ।

(গ) প্রাকৃতে 'ষ', 'শ' ও 'স'—এর ব্যবহার বৈচিত্র্য।

(ঘ) অপভ্রংশ 'ম'-এর রূপান্তর বা বিলোপন।

(ঙ) প্রাকৃত ভাষার ধর্মীয় সংযোগ।

(চ) প্রাকৃত ভাষার স্তর-বিভাজন।

৩। 'ওড়িয়া' ভাষার ধ্বনিতাত্ত্বিক লক্ষণগুলি লেখো। মগহী ভাষার যে কোনো তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের আলোচনা করো। ৭+৩

*অথবা*

ভোজপুরী ভাষা কোন কোন অঞ্চলে প্রচলিত ? ভোজপুরী ভাষায় সাহিত্য সৃষ্টি করেছেন এরকম দুজন কবির নাম লেখো। এই ভাষাটির সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো। ২+১+৭

৪। এন. বি. হালহেডের বাংলা ব্যাকরণটির পরিচয় লিপিবদ্ধ করো। ১০

*অথবা*

বিশ শতকের যে-কোনো এক বাঙালি ভাষাবিদের অবদান সংক্ষেপে লেখো।

---